# শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট
## রাজশাহী বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি নং ঃ আইইআর-২০২২/২৪৫১ — তারিখ ঃ ২৬/০৭/২০২২

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে এমফিল ও পিএইচডি প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে শিক্ষা বিষয়ে ২ (দুই) বছর মেয়াদী এমফিল ও ৩ বছর মেয়াদী পিএইচডি ডিগ্রি কোর্সে ভর্তির জন্য আবেদনপত্র আহবান করা হচ্ছে। যে কোন বিষয়ে সম্মানসহ মাস্টার্স ডিগ্রীপ্রাপ্তরা আবেদন করতে পারবেন। ১ বছরের কোর্স ওয়ার্ক বাধ্যতামূলক। গবেষণার বিষয়বস্তু শিক্ষা সংশ্লিষ্ট হতে হবে। বিধি মোতাবেক ভর্তি প্রাপ্ত ফেলোকে অর্থ প্রাপ্তি সাপেক্ষে মাসিক ফেলোশীপ প্রদান করা হবে।

**ক. এমফিল প্রোগ্রামে ভর্তির যোগ্যতা:**

৫। (১) প্রার্থীর অবশ্যই এসএসসি/ সমমান এবং এইচএসসি/ সমমান পরীক্ষার সনাতন পদ্ধতিতে যে কোনো একটিতে ন্যূনতম প্রথম বিভাগ ও অন্যটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা গ্রেডিং পদ্ধতিতে উভয় পরীক্ষার প্রতিটিতে ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৩.৭৫ থাকতে হবে।

এবং

(২) কলা/সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহ থেকে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক (সম্মান)/অনার্স (সমমান) এবং স্নাতকোত্তর পরীক্ষার সনাতন পদ্ধতিতে যে কোন একটিতে ন্যূনতম ৫৫% ও অন্যটিতে ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে (তবে কলা অনুষদভুক্ত ইংরেজি বিভাগ থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে উভয় পরীক্ষায় ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে) অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে উভয় পরীক্ষার একটিতে ন্যূনতম সিজিপিএ ৩.২৫ ও অন্যটিতে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।

**অথবা**

আইন/বিজ্ঞান/বিজনেস স্টাডিজ/জীব ও ভূ-বিজ্ঞান/ কৃষি/প্রকৌশল অনুষদভুক্ত বিভাগসমূহ থেকে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক (সম্মান)/অনার্স (সমমান) এবং স্নাতকোত্তর পরীক্ষার সনাতন পদ্ধতিতে উভয় পরীক্ষায় ন্যূনতম ৫৫% নম্বর থাকতে হবে অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে উভয় পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ৩.২৫ থাকতে হবে।

অথবা

এমবিবিএস/বিডিএস পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৬০% নম্বর থাকতে হবে। ডিভিএম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৬০% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।

অথবা

৩। যে সকল প্রার্থীর উপরে বর্ণিত ৫ধারার উপধারা (১) ও (২) এর শিক্ষাগত যোগ্যতার কোনো একটি শর্ত পূরণ হয় না, তারা এম.ফিল প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন, যদি তাদের (ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে/ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত)/সরকারি কলেজে ৩(তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা (খ) অনার্স পর্যায়ের বেসরকারি ডিগ্রি কলেজে অনার্স শ্রেণিতে ৩(তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা (গ) কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৩(তিন) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে [(গ) এর ক্ষেত্রে] কোনো স্বীকৃত জার্নালে ন্যূনতম ২টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকে। শিক্ষা জীবনের কোনো পর্যায়েই ২য় বিভাগ/শ্রেণি/সিজিপিএ ৩.০০ এর কম থাকলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। এই উপধারার অধীনে এম.ফিল প্রোগ্রামে ভর্তি অনুমতিপ্রাপ্ত প্রার্থীগণ পি-এইচ.ডি প্রোগ্রামে স্থানান্তরিত হতে পারবেন না।

**খ. পিএইচডি প্রোগ্রামে ভর্তির যোগ্যতা:**

৫। (১) প্রার্থীর এম.ফিল বিধির ৫ ধারার উপধারা (১) ও (২) এর ভর্তির যোগ্যতাসহ অবশ্যই এম.ফিল/সমমান ডিগ্রি থাকতে হবে। তবে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে এম.ফিল ডিগ্রি প্রাপ্তগণ পি-এইচ.ডি প্রোগ্রামে ভর্তির জন্য সরাসরি প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।

অথবা

(২) প্রার্থীর যদি এম.ফিল বিধির ৫ ধারায় বর্ণিত ভর্তির যোগ্যতা থাকে এবং তিনি যদি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/সরকারি বৃত্তি/ বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস ফেলোশিপ অর্জন করে থাকেন, তাহলে তারা পি-এইচ.ডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন জমা দিতে পারবেন।

অথবা

(৩) এম.ফিল বিধির ৫ধারার উপধারা (১) ও (২) এর ভর্তির যোগ্যতাসহ (ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে/ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত)/ সরকারি কলেজে ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা (খ) অনার্স পার্যয়ের বেসরকারি ডিগ্রি কলেজে অনার্স শ্রেণীতে ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা (গ) কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৭(সাত) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে [(গ) এর ক্ষেত্রে] কোন স্বীকৃত জার্নালে ন্যূনতম ৩টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকলে প্রার্থী পি-এইচ.ডি প্রোগ্রামে ভর্তির প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন। তবে, শিক্ষা জীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ/শ্রেণি/সিজিপিএ ৩.০০ এর কম থাকলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

**আবেদনপত্র সংগ্রহ:**

পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অনুকূলে ১০০০/- টাকার ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) অগ্রণী ব্যাংক লিমিটেড রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখায় প্রদেয় জমা দিয়ে নিম্ন স্বাক্ষরকারীর অফিস থেকে আবেদনপত্র ২৬/০৭/২০২২ তারিখ থেকে ৩০/০৮/২০২২ তারিখ পর্যন্ত সংগ্রহ করা যাবে। প্রার্থী নিজে উপস্থিত হয়ে অথবা ২০ টাকার ডাক টিকিটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম ও ব্যাংক ড্রাফট পাঠিয়ে ভর্তি সংক্রান্ত তথ্য ও কাজগপত্র উক্ত তারিখের মধ্যে সংগ্রহ করতে পারবেন।

**আবেদনপত্র জমা:**

প্রার্থীর সকল পরীক্ষার সনদপত্র এবং মার্কস সার্টিফিকেটের সত্যায়িত কপি ও ২ কপি ছবিসহ পূরণকৃত আবেদনপত্র **আগামী ৩০/০৮/২০২২ তারিখের** মধ্যে অফিস চলাকালীন সময় জমা দিতে হবে। চাকুরীরত প্রার্থীদের তাদের স্ব স্ব নিয়োগকারীর মাধ্যমে আবেদন করতে হবে এবং এমফিল প্রোগ্রামের জন্য ১(এক) বছর এবং পিএইচডি প্রোগ্রামের জন্য ২(দুই) বছর ছুটি পাবেন মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট থেকে একটি সম্মতিপত্র ভর্তির সময় সংযুক্ত করতে হবে। কোর্স ওয়ার্ক চলাকালীন সময়ের মধ্যেই প্রয়োজনীয় ছুটির অনুমোদনপত্র জমা দিতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র বাছাইয়ের পর যোগ্য প্রার্থীদের নোটিশ/পত্র দ্বারা লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আহবান জানানো হবে। মৌখিক ও লিখিত পরীক্ষার তারিখ/সময়/ফলাফল প্রকাশের তারিখ পরবর্তীতে জানানো হবে।

উল্লেখ্য, ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.ru.ac.bd তে পাওয়া যাবে।

২৬/৭/২২


(প্রফেসর ড. চিত্তরঞ্জন মিশ্র)
পরিচালক
শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট
রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রয়োজনে ঃ অফিস ঃ ০৭২১-৭১১১৬৮
E-mail: ier@ru.ac.bd